

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.৩৩০০.০০০.১৪.০০৪.১৫.৬৫৫

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ  
২ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।


সূত্রঃ গাজীপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- গাজেপ/প্রশা/রাজস্ব-১২৯/১৫/২৭ (সং) তারিখঃ ৩১/০১/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের বাধ্যতামূলক কার্যাবলী খাতের ২,৩৫,৫০,০০০/- (দুই কোটি পয়ত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত তালিকায় সংযুক্ত ২৬ টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেয়ক্রমে অনুমোদন দেয়া হলো।

শর্তসমূহ :

- (১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাজীপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (২) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত প্রকল্পসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (৩) পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়নপূর্বক মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;

সংযুক্তঃ বর্ণনামতে

  
(মোঃ জাফর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮

[Email-igzp@lgd.gov.bd](mailto:Email-igzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, গাজীপুর।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর (সরজমিনের পরিদর্শন করে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। প্রশাসক, জেলা পরিষদ, গাজীপুর।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।